



ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস লিঃ

এবং

সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭- জুন ৩০, ২০১৮

সূচিপত্র

	পৃষ্ঠা নং
বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর ২০১৭-১৮ বছরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
উপক্রমণিকা (Preamble)	৪
সেকশন-১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন-২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১২
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি	১৩
সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ	১৫

বাংলাদেশ সার্ভিসেস লিঃ-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Bangladesh Services Limited)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

- ২০১৪ সালে ঢাকায় অনুষ্ঠিত ICC World Twenty-20 টুর্নামেন্টে আগত অতিথিদের সুষ্ঠু আবাসন ব্যবস্থা।
- IPU (Inter Parliamentary Union) এবং 9th GFMD (Global Forum on Migration and Development)–এর সম্মেলন বিআইসিসি সুষ্ঠুভাবে পরিচালনা।
- রূপসী বাংলা হোটেলের প্লানিং ও ডিজাইন সম্পন্ন।
- উন্নত সফটওয়্যারের মাধ্যমে হিসাব রক্ষণ ব্যবস্থাপনা চালুকরণ।
- ৩১ মার্চ, ২০১৭ পর্যন্ত সংস্কার কাজের ৭০% কাজ সম্পন্ন।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

- হোটেলের সংস্কার কাজ বাস্তবায়নকালে অপ্রত্যাশিত কাজের জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে হোটেল সংস্কার কাজ সম্পন্ন।
- হোটেল শিল্পে প্রতিযোগিতা বৃদ্ধি।

২০১৭-২০১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ২০১৭ সালের মধ্যে রূপসী বাংলা হোটেল এর সংস্কার কাজ সম্পন্ন।

ভবিষ্যৎ পরিকল্পনা

- ২০৩০ সালের মধ্যে মহেশখালীতে বিএসএল-এর অনুকূলে বরাদ্দকৃত স্থানে রিসোর্ট নির্মাণ।

উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর প্রতিনিধি হিসেবে ব্যবস্থাপনা পরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-এর মধ্যে২০২১.....সালেরভূন..... মাসের১৮..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

১.১ রূপকল্প (Vision):

বাংলাদেশের আপস্কেল হোটেল শিল্পে নেতৃত্ব দেওয়া।

১.২ অভিলক্ষ্য (Mission):

বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতির সংমিশ্রনে বিশ্বমানের সেবার মাধ্যমে অতিথিদের সর্বোচ্চ সন্তুষ্টি অর্জন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১. কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

- ক) আর্থিক বিনিয়োগের যথার্থতা নিশ্চিতকরণ
- খ) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের গ্রাহকদের সন্তুষ্টি বৃদ্ধি
- ঘ) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের মুনাফা বৃদ্ধি
- ঙ) হোটেল বন্ধ থাকার অবস্থায় হোটেলের কর্মকর্তা ও কর্মচারীদের সুষ্ঠু ব্যবস্থাপনা
- চ) কাজের সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণ
- ছ) কর্মকর্তা ও কর্মচারীদের কাজে উৎসাহিত করা
- জ) সর্বক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার/ডিজিটাইজেশন
- ঝ) হোটেল এবং আতিথেয়তা শিল্পে মানব সম্পদ উন্নয়ন
- ঞ) শেয়ারহোল্ডারদের সম্পদ বৃদ্ধি

১.৩.২. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যঃ

- ক) কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
- খ) দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
- গ) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
- ঘ) দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
- ঙ) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

১.৪ কার্যাবলি (Functions):

- ক) হোটেল পরিচালনার জন্য নিয়োজিত অপারেটরকে তত্ত্বাবধান করা।
- খ) হোটেল অপারেটরের চাহিদা এবং ব্র্যান্ড স্ট্যান্ডার্ড নিশ্চিত করণ।
- গ) আতিথেয়তা এবং পর্যটন শিল্পের মানবসম্পদ উন্নয়নে সহায়তা প্রদান।
- ঘ) বিশ্ববিদ্যালয় ও National Hotel & Tourism Training Institute (NHTTI)-এর শিক্ষার্থীদের হোটেলে ইন্টার্নশিপের ব্যবস্থা করা।
- ঙ) বাংলাদেশের পর্যটন শিল্পের জন্য উন্নয়ন ও বিকাশে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এবং বাংলাদেশ ট্যুরিজম বোর্ডকে সহায়তা প্রদান।
- চ) পাঁচ তারকা হোটেল/ব্যাংকুয়েট-এর মান অনুযায়ী বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের পরিচালনা, ব্যবস্থাপনা এবং রক্ষণাবেক্ষণ।

